দৈনিক বাংলা

09 JUN 1993
তারিখ
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

## ঢাকা/কুমিল্লা/যশোর/রাজশাহী

**বিষয় ঃ এইচএসসি পরীক্ষা ১৯৯৩–এর পরিচালনার জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবক তথা সর্বস্তরের জনগণের সর্বাত্মক সহযোগিতা কামনা।**

পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও দুর্নীতিমুক্তভাবে পরিচালনার লক্ষ্যে সরকার ও শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত ভিজিলেন্স টীম প্রতিটি কেন্দ্রে সার্বক্ষণিকভাবে সক্রিয় থাকবে। পরীক্ষা চলাকালে কোনরূপ বিশৃঙ্খলা সৃষ্টি কিংবা অসদুপায় অবলম্বন সম্পর্কে এ টীমের প্রতিবেদনের ভিত্তিতে যে কোন কেন্দ্রের পরীক্ষা আংশিক কিংবা সম্পূর্ণ বাতিল বা পরীক্ষা বাতিল করে দেওয়া হবে।

পরীক্ষা দায়িত্বে নিয়োজিত শিক্ষক/শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীদের কর্তব্যে অবহেলার জন্য চাকরিচ্যুতি, সরকারী অনুদান বন্ধ ও কলেজের স্বীকৃতি বাতিলসহ কঠোর শাস্তি বিধানের ব্যবস্থা করা হয়েছে।

কেন্দ্র ও কলেজ কর্তৃপক্ষ, কলেজের শিক্ষক/শিক্ষিকা বা অন্য যে কোন ব্যক্তির কারণে পরীক্ষা পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হলে পরীক্ষা কেন্দ্র বাতিল, সংশ্লিষ্ট ব্যক্তির চাকরিচ্যুতি, সরকারী অনুদান বন্ধ এবং কলেজের স্বীকৃতি বাতিল করা হতে পারে।

কোন পরীক্ষার কেন্দ্রে যে কলেজের ছাত্র/ছাত্রী পরীক্ষা দেবে, সে কলেজের কোন শিক্ষক/শিক্ষিকা সে কেন্দ্রে পরিদর্শক কিংবা তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করতে পারবে না।

আইন-শৃঙ্খলা রক্ষা এবং শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকবে। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কেউ পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে প্রবেশ করলে আইনত দন্ডনীয় হবে।

পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা ভঙ্গকারী যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে পাবলিক পরীক্ষা অপরাধ আইনবলে তাৎক্ষণিকভাবে বিচার করে কারাদন্ড অথবা অর্থদন্ড অথবা উভয় প্রকার দন্ড প্রদান করা হবে।

নকল করার অপরাধে দোষী ছাত্র/ছাত্রীকে ৪ (চার) বছর পর্যন্ত বহিষ্কার করা যেতে পারে।

ডিএফপি(স)–৯২৭৭–৩১/৫ জি–৩৪৯৩